আলমডাঙ্গায় ছেলুন জোয়ার্দ্দারের নৌকার সমর্থনে জাসদের মিছিল ও পথসভা

দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামীলীগের মনোনীত প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকার সমর্থনে আলমডাঙ্গায় জাসদ মিছিল ও পথসভা করেছে।

গতকাল শনিবার বিকেলে পৌর এলাকার গোবিন্দপুর গ্রাম থেকে বের হওয়া মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ৭১’র মোড়ের স্বাধীনতা স্তম্ভ এলাকায় পথসভা করেন।

পথসভায় জেলা জাসদ সভাপতি বীরমুক্তিযোদ্ধা ও সাবেক মেয়র এম.সবেদ আলী বলেন, আমরা ১৪ দলীয় জোটের শরিক দল। আমরা এই নির্বাচনে ছেলুন ভাইয়ের নৌকা প্রতিকের পক্ষে ভোট করছি। দেশের উন্নয়ন অব্যাহত রাখতে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে। তাই আগামী ৭ জানুয়ারী ছেলুন ভাইকে নৌকা প্রতিকে ভোট দিয়ে জয়ী করতে হবে।

পথসভায় উপস্থিত ছিলেন জাসদ নেতা নজরুল ইসলাম, রশিদ আলী, ইকরামুল হক, আব্দুল আল মামুন, রাজ্জাক আলী, রবিন, রাজু, রিয়াজ, মুন্নাহ, তানজিম, হৃদয় প্রমূখ।

আলমডাঙ্গায় একের অধিক নির্বাচনী অফিস নির্মাণে তিন প্রার্থীকে জরিমানা

চুয়াডাঙ্গা-১ আসনে সংসদ নির্বাচনে আচরণ বিধি লঙ্ঘনের অপরাধে তিন প্রার্থীকে সাড়ে ৭ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রামমাণ আদালত।

গতকাল বৃহস্পতিবার রাতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন নির্বাচনে নিয়োজিত ম্যাজিস্ট্রেট ও আলমডাঙ্গা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ।

আদালত সূত্রে জানা যায়, আলমডাঙ্গা পৌরসভার বিভিন্নস্থানে নির্বাচনী আচরণ বিধি মানা হচ্ছে কিনা সেটা তদারকিতে মাঠে নামে ভ্রাম্যমাণ আদালত। আওয়ামীলীগের মনোনীত নৌকা প্রতিকের প্রার্থী ও স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থীর পৌর এলাকায় একের অধিক নির্বাচনি অফিস থাকায় তাদের দুজন কর্মীকে জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত। নৌকার প্রার্থীর কর্মীকে আড়াই হাজার টাকা ও ঈগল প্রতীক প্রার্থীর কর্মীকে তিন হাজার টাকা জরিমানা করেন। এছাড়া স্বতন্ত্র ফ্রীজ প্রতিকের প্রার্থীকে এম.এ. রাজ্জাক খাঁন রাজের বৈদ্যুতিক ল্যাম্পপোস্টে ভোটের পোস্টার স্থাপন ও মাপের অধিক বড় বিলবোর্ড নির্মাণের জন্য তার কর্মীকেও ২ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় নির্বাচনে নিয়োজিত ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ জানান, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করলে কাউকেই ছাড় দেওয়া হবে না। নির্বাচনে সকল প্রার্থীকেই আইন মেনে চলতে হবে। নির্বাচন পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে।

আলমডাঙ্গার বিভিন্ন এলাকায় ছেলুন জোয়ার্দ্দারের গণসংযোগ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দার ছেলুন আলমডাঙ্গার বিভিন্ন ইউনিয়নে গনসংযোগ করেছেন।

গতকাল বৃহস্পতিকার তিনি পিটিআই মোড়,কান্তপুর ব্রিজ মোড়, মুন্সিগঞ্জপশুহাট, জেহালা, রোয়াকুলি, বন্ডবিল, রেলস্টেশন এলাকা ও আলমডাঙ্গা পৌর পশুহাট এলাকায় গণ সংযোগ করেন।

গন সংযোগ কালে তিনি বিভিন্ন মানুষের সাথে কুশল বিনিময় করে নৌকায় ভোট প্রার্থনা করেন।

এ সময় তিনি বলেন,আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার,আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়।বর্তমান সরকার ক্ষমতায় এসে গৃহহীন দের গৃহ নির্মাণ করে দিয়েছে।যাদের জমি নেই তাদেরও জমি সহ গৃহ নির্মান করে দিয়েছে।বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি সহ ৫৩ প্রকারের ভাতা দেওয়া হচ্ছে।গরীব মানুষদের জন্য স্বল্প মুল্যে চাল ডাল, তেল,পেঁয়াজ দিচ্ছে।প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্টানে বিল্ডিং করে দিয়েছে।বছরের শুরুতে শিক্ষার্থীদের মাঝে নতুন বই তুলে দেওয়া হচ্ছে।সন্ত্রাস নির্মুল করার পর মানুষ শান্তিতে ঘুমাতে পারছে।

বিগত সরকার আমলে সন্ত্রাসীদের লালন করা হয়েছিল।কিন্ত বর্তমান সরকার সন্ত্রাস নির্মুল করে যুগান্তকারি পদক্ষেপ নিয়ে মানুষকে সন্ত্রাসীদের হাত থেকে মুক্তি দিয়েছে।

দেশের এই উন্নয়নের ধারা অব্যাহত ররাখতে আবারও নৌকায় ভোট দিবেন। গণসংযোগকালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা,সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,সাবেক সহ-সভাপতি আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা,সাবেক পৌর সম্পাদক সিরাজুল ইসলাম,পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,কালিদাশপুর ইউনিয়নের সভাপতি জয়নাল আবেদীন,যুবলীগ নেতা হিটু,সৈয়কত খান প্রমুখ।

আলমডাঙ্গায় ঈগল প্রতীকের মিছিল ও পথসভা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে স্বতন্ত্র (ঈগল) প্রতিকের প্রার্থী দিলীপকুমার আগরওয়ালার নির্বাচনি মিছিল ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলা মঞ্চ থেকে ঈগল প্রতিকের মিছিলটি বের শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌর এলাকার আলতায়েবা মোড়ে পথসভা করেন। এর আগে, বিকেল ৩ টা থেকে

উপজেলা ও পৌর এলাকার বিভিন্ন গ্রাম থেকে স্লোগানে স্লোগানে উপজেলা মঞ্চ প্রাঙ্গণে একত্রিত হয় দিলীপকুমার আগরওয়ালার পক্ষের সাধারণ ভোটারা। স্লোগানে মুখরিত হয়ে পড়ে পুরো শহর। মিছিলে অংশ নেয় শত শত নারীরাও।

এসময় জেলা ও উপজেলা আওয়ামীলীগের অঙ্গসংগঠনের নেতা-কর্মীরাও মিছিলে অংশ নিয় পরে পথসভায় যোগদান করেন । ঘন্টা ব্যাপী পথসভায় আওয়ামীলীগ ও তার অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা বক্তব্য রাখেন। দিলীপকুমার আগরওয়ালার ঈগল প্রতিকে বিজয়ের লক্ষ্যে ঐক্যমত প্রশোন করেন নেতা-কর্মীরা ও ভোটারবৃন্দ।

চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ নির্বাচনে স্বতন্ত্র ঈগল প্রতিকের প্রার্থী বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য ও ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপকুমার আগরওয়ালা বলেন, আমি আপনাদের সন্তান, আমার নাম দিলীপ। আমার কাছে কোন ধর্ম, জাতির ভেদাভেদ নেই। আগেও ছিল না, এখনো নেই। আমার রক্ত লাল আপনার রক্তও লাল। যখন আমরা জন্মগ্রহণ করি তখন হিন্দু কিংবা

মুসলমান ধর্মের পার্থক্য থাকে না। থাকে না কোন ভেদাভেদ আমার একটাই পরিচয় আমি আপনাদের সন্তান।

তিনি আরো বলেন, আমি এই চুয়াডাঙ্গা জেলায় জন্মগ্রহণ করেছি। আমার বাবা-দাদার সিনেমাহল ব্যবসা থাকার সুবাধে আপনাদের অনেকের সাথেই দীর্ঘদিনের পরিচয়। আলমডাঙ্গার মানুষ যে কষ্টে আছে, উপস্থিত বক্তাদের বক্তব্যে আমি বুঝতে পেরেছি। একটা কথা- আপনাদের ভোট আপনারা দিবেন, যাকে খুশি তাকে দিবেন। যদি আপনারা মনে করেন দিলীপ আপনাদের ভাই কিংবা বন্ধু অথবা সন্তান মনে করেন, তাহলে আগামি ৭ জানুয়ারি ঈগল মার্কায় ভোট দিয়ে বিজয়ী করবেন। আমি যদি আগামি জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হতে পারি, তাহলে আলমডাঙ্গার মানুষের সু-চিকিৎসার জন্য আর বাইরের জেলায় যেতে হবে না। শিক্ষার জন্যও এ জেলা তথা আলমডাঙ্গার মানুষ বাইরে লেখাপড়া করতে যেতে হবে না। আলমডাঙ্গাতে গড়ে তোলা হবে উন্নতমানের হাসপাতাল ও ইউভার্সিটি।

দিলীপকুমার আগরওয়ালা বলেন, আলমডাঙ্গার প্রতিটি ইউনিয়নে কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সম্মত চিকিৎসা সেবা নেই। আমি আপনাদের সমর্থনে ভোটে নির্বাচিত হই, তবে আলমডাঙ্গা-চুয়াডাঙ্গা স্মার্ট হিসেবে গড়ে তুলবো।

নির্বাচনী মিছিল ও পথসভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও সাবেক কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য শেখ সামসুল আবেদিন খোকন, সাবেক জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও সাবেক আইলহাঁস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুল মালেক, সাবেক জেলা আওয়ামীলীগের সদস্য অ্যাডভোকেট শফি, জেলা আওয়ামীলীগের সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও সাবেক ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাউসার আহম্মেদ বাবলু, পৌর আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান ফারুক, ভাইসচেয়ারম্যান ও উপজেলা ছাত্রলীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন, সাবেক খাদেমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কাজী রবিউল হক, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ৬ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রেজাউল হক তবা, কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সভাপতি মোহাম্মদ রানা মন্ডল, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমান, আলমডাঙ্গা উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক সাজ্জাদুল ইসলাম স্বপন, চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভানেত্রী আফরোজা পারভিন, উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ও আওয়ামী লীগ নেত্রী কাজী মারজাহান নিতু, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামরুজ্জামান সামিম, খাদেমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাফিজুর রহমান বাবলু। এছাড়াও আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সভাপতি নয়ন সরকার, সাধারণ সম্পাদক কাজী চন্দন, হৃদয়, সজিব, টিটন, সাব্বির, তপু, নিপ্পন, সাইদ, মিলু, নয়ন, জিবন,রুবেল, জিবন প্রমূখ।

আলমডাঙ্গায় মেম্বার

এ্যাসোসিয়েশনে সঙ্গে স্বতন্ত্র প্রার্থী রাজের মতবিনিময় সভা

বাংলাদেশ ইউনিয়ন পরিষদ মেম্বার এ্যাসোসিয়েশন আলমডাঙ্গা উপজেলা ও চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে এম এ রাজ্জাক খান (রাজ) এর ফ্রীজ মার্কায় ভোট দেওয়ার সমর্থনে বিভিন্ন ইউনিয়ন পরিষদদের মেম্বারদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার রাত ৮ টার দিকে বাবুপাড়া কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপজেলা ও জেলা মেম্বার এ্যাসোসিয়েশনের সকল মেম্বারগন ফ্রীজ মার্কায় ভোট দেওয়ার অঙ্গিকার বদ্ধ হন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বতন্ত্র (ফ্রীজ) প্রতিকের প্রার্থী এম এ রাজ্জাক খান (রাজ)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও বাংলাদেশ ইউনিয়ন পরিষদ মেম্বার এ্যাসোসিয়েশনের আহবায়ক মজনুর রহমান জান্টু, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাড়াদি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান।

মেম্বার এ্যাসোসিয়েশনের যুগ্নআহবায়ক লিটন মোল্লার সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন রফিকুল ইসলাম বাবু, সামাদ খাঁন, জাহাঙ্গীর খাঁন।

এসময় বক্তব্য রাখেন, মেম্বার রাজন, মাসুদা পারভিন, নজরুল ইসলাম, সাবিনা ইয়াসমিন, আলমঙ্গীর হোসেন, ঠান্টু রহমান, রংপতি বেগম, ওহিদুল ইসলাম, রেহানা খাতুন, ইদ্রিস আলী, নাসিমা খাতুন, মনিরুজ্জামান, মানারুল ইসলাম, নজরুল ইসলাম, জাহানারা খাতুন, রোকসানা খাতুন, ববিতা খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন ডাউকি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান লাভলু ইসলাম।

আলমডাঙ্গার কুমারি-নাগদাহ ইউনিয়নে নৌকায় ভোট চাইলেন নেতা-কর্মীরা

আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রার্থী সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন- এমপির সমর্থনে কুমারী ইউনিয়ন আওয়ামীলীগ ও নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের উদ্যোগে নির্বাচনি প্রচারণা ও মিছিল অনুষ্ঠিত হয়েছে ।

আজ সোমবার সন্ধ্যায় প্রতিটি ইউনিয়নের স্ব-স্ব ওয়ার্ডে নেতা- কর্মীরা এ নির্বাচনি প্রচারণা ও নৌকা প্রতিকের পক্ষে স্লোগানে অংশগ্রহণ করেন।

এসময় কুমারী আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাইদ পিন্টুর নেতৃত্বে উপস্থিত ছিলেন কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ৮ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রবিউল হক, সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আলেপ মন্ডল, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন, সাবেক ইউপি সদস্য আবুল হোসেন মালিতা, আওয়ামীলীগ নেতা আবু সাইম রিপন, রাজিব আহম্মেদ, কুমারি ইউনিয়ন ছাত্রলীগ নেতা ছলেমান ফারাজী, রেজাউল হক, নুর ইসলাম, গোলাপ আলী, হবিবর রহমান, শফি মোল্লা প্রমূখ।

এদিকে, আজ সোমবার সন্ধ্যায় আওয়ামীলীগের নৌকার প্রার্থী সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন-এমপির প্রতিক বরাদ্দের পরপরই নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার তার নেতাকর্মীদের নিয়ে ভোটের মাঠে নেমে পড়েন। সাধারণ মানুষের নিকট নৌকা প্রতিকে ভোট চান। এছাড়া সোমবার সন্ধ্যার পর শত শত নেতাকর্মীদের উপস্থিতে একটি নৌকার পক্ষে মিছিল বের করেন।

আলমডাঙ্গায় মাদক সেবনের দায়ে ২ যুবকের কারাদণ্ড

আলমডাঙ্গা উপজেলায় মাদক সেবনের দায়ে দুই যুবককে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ রবিবার সন্ধ্যায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক রেজওয়ানা নাহিদ এই সাজা দেন।

সাজা পাওয়া যুবকেরা হলেন উপজলার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত শমসের আলীর ছেলে মো. এমদাদুল হক (২৭) ও এরশাদপুর গ্রামের গোরস্থান পাড়ার মোহাম্মদের ছেলে মো. হাবিবুর রহমান বাবুল (২৯)।

সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ বলেন, আজ রবিবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলার বন্ডবিল এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। অভিযানে মাদকদ্রব্য সেবনরত অবস্থায় ২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইঞ্জেকশনসহ হাতেনাতে এমদাদুল হককে আটক করা হয়। বুপ্রেনরফাইন ইঞ্জেকশন সেবনের দায়ে পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়া এলাকার মো. এমদাদুল হককে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করা হয়। এছাড়া মো. হাবিবুর রহমান বাবুলকে গাঁজা সেবনের দায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন দিনের কারাদণ্ড দেওয়া হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে সার্বিক সহযোগীতা করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের একটি দল।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌর বিএনপির বিজয় দিবস পালন

মহান বিজয় দিবস উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে নানান কর্মসূচি পালন করা হয়েছে। শনিবার সকালে বিএনপি নেতাকর্মিরা আলমডাঙ্গায় বিজয় দিবসের জাতীয় পতাকা উত্তোলন, র্যালি, শহীদ মাজারে পুষ্পমাল্য অর্পণ ও ফাতেহা পাঠ এবং শহীদ জিয়া শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ৯টায় পৌর এলাকার ফায়ার সার্ভিস সংলগ্ন এলাকা থেকে র্যালিটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ মাজারে পুস্পস্তবক অর্পণ করেন। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও আলমডাঙ্গা পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু।

উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য ও পৌর বিএনপির সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, সাবেক কেন্দ্রীয় যুব নেতা এমদাদুল হক ডাবু।

এছাড়া উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মহাবুল হক মাস্টার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলি আজগর সাচ্চু, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা বিশ্বাস, সহ-সাধারণ সম্পাদক রমজান আলী, ডাউকি ইউনিয়ন বিএনপির সভাপতি আবদার আলী, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ আলী, নাগদাগ ইউনিয়ন বিএনপির সভাপতি বোরহান উদ্দীন, খাসকররা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ, কুমারি ইউনিয়ন বিএনপির সভাপতি রকিবুল ইসলাম, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, খাদেমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেগুল ইসলাম, সাধারণ সম্পাদক সালাম মেম্বার, শাহিনুজ্জামান, রাজাবুল ইসলাম, আবু বক্কর সিদ্দিক, আলমগীর হোসেন লালন, আতাউল হুদা, শফিকুল ইসলাম, পলাশ। হাফিজুর রহমান তোতা, আব্দুল জব্বার, সালেহ মাসুদ লিপু আমিরুল ইসলাম পান্নু, আরজান আলী, আবুল হক মিঠু।

আলমডাঙ্গা উপজলা যুবদলের সাধারণ সম্পাদক রকিবুল ইসলাম, পৌর যুবদলের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম কনক, যুবদলের যুগ্নআহবায়ক

সাইফুল ইসলাম, হাফিজুর রহমান।

উপজেলা ছাত্রদলের সভাপতি জাহিদ হাসান শুভ, সাধারণ সম্পাদক ইমরান রাসেল, পৌর ছাত্রদলের সভাপতি আতিক হাসনাত রিংকু, রাজু আহমেদ, আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন লিমন, পৌর মৎস্য দলের সাধারণ সম্পাদক ফিরোজ হোসেন। এছাড়াও বিজয় দিবসের র্যালি ও আলোচনা সভায় উপজেলা, পৌর, ইউনিয়ন বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

শহীদ বুদ্ধিজীবি দিবস উপলক্ষে আলমডাঙ্গায় নানা কর্মসুচী পালিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা প্রশাসন আওয়ামীলীগসহ বিভিন্ন সংগঠন এসব কর্মসুচী পালন করেন। আজ বৃহস্পতিবার সকালে শহীদ মাজার ও বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, দোয়া ও সন্ধায় বধ্যভুমিতে মোমবাতি প্রজ¦লন করা হয়।

সকাল ১০টার দিকে বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা, শহীদদের উদ্দেশ্যে দোয়া অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড, আব্দুর রকীব, ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, কৃষি অফিসার কৃষিবিদ রেহানা পারভীন,প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,ওসি তদন্ত একরামুল হোসাইন ইন্সপেক্টর জামাল হোসেন মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ৭১ এর অগ্নিসেনা মইনুদ্দিন পারভেজ, সাবেক মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার বীর মুক্তিযোদ্ধা শফিউর রহমান সুলতান জোয়ার্দ্দার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, সরকারি কলেজের প্রভাষক ডক্টর মাহাবুব আলম, পৌর সভার প্যানেল মেয়র খন্দকার মজিবুল হক।

সন্ধায় বধ্যভূমিতে মোমবাতি প্রজ্বলন করেন উপজেলা চেয়ারম্যান,নির্বাহী অফিসার,সহকারি কমিশনার ভূমি,কৃষি অফিসার,প্রানী সম্পদ কর্মকর্তা,ওসি তদন্ত,ভাইস চেয়ারম্যান,উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুসা,সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,সিরাজুল ইসলাম,সাইফুল ইসলাম পিন্টু,আশরাফুল ইসলাম,সৈকত খান,মহিলা আওয়ামীলীগের সভাপতি সাহিদা রহমান,আব্দুল মালেক,মাসুদ রানা তুহিন প্রমুখ।

এসময় আরও উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা বৃন্দ, বীর মুক্তিযোদ্ধা গণ, সুশীল সমাজের প্রতিনিধিরা, শিক্ষক বৃন্দ, এবং প্রিন্ট মিডিয়া সাংবাদিক বৃন্দ।

আলমডাঙ্গায় আল ইকরা ক্যাডেট একাডেমির বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গা একাডেমি (আল-ইকরা ক্যাডেট একাডেমি) স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আলমডাঙ্গা একাডেমি স্কুল প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা জেলার কৃত্রিম প্রজনন কেন্দ্রের উপ-পরিচালক এ.এইচ.এম শামীমুজ্জামান।

এসময় প্রফেসর ডঃ মুহাম্মদ আব্দুস শহীদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সমাজ সেবা অধিদফতরের সহকারী পরিচালক আবু তালেব, আলমডাঙ্গা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (একাডেমিক সুপার ভাইজার) ইমরুল হক, আলমডাঙ্গা একাডেমি স্কুলের বিদ্যোৎসাহী সদস্য লিয়াকত আলী লিপু মোল্লা, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, পরিচালনা পরিষদের সহ-সভাপতি মনিরুজ্জামান, সদস্য আনোয়ারুল করিম, মাওলানা আশরাফুল আলম, মাওলানা আব্দুল কাদের, উপদেষ্টা পরিষদ সদস্য সিরাজুল ইসলাম, এ্যাডঃ রবকুল হোসেন, সাবেক সভাপতি ফকির মোহাম্মদ, সাবেক সদস্য আলী আকবর, আবুল কাশেম খাঁন, প্রধান শিক্ষক (অব) আবুল কাশেম, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম। এছাড়া একাডেমি স্কুলের শিক্ষার্থীদের উপস্থাপনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠান শেষে আলমডাঙ্গা একাডেমি (আল-ইকরা ক্যাডেট একাডেমি)র আয়োজনে ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে আলমডাঙ্গা একাডেমির সকল শিক্ষক- শিক্ষিকা, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মোঃ আঃ সাহিন শাহিদ। এছাড়া অনুষ্ঠানটির সার্বিক সহযোগীতা এবং পরিচালনার জন্য সকলের নিকট ধন্যবাদ জ্ঞাপন করেন একাডেমি স্কুলের পরিচালক মুহাম্মদ আব্দুল হাই এবং অধ্যক্ষ মোঃ এনামুল হক। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।